# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১০৫৬

১০/ কাফন-দাফন (كتاب الجنائز عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ মহিলাদের জন্য কবর যিয়ারত করা মাকরূহ।

باب مَا جَاءَ فِي زِيَارَةِ الْقُبُورِ لِلنِّسَاءِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا أَبُو عَوَانَةَ، عَنْ عُمَرَ بْنِ أَبِي سَلَمَةَ، عَنْ أَبِيهِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم لَعَنَ زَوَّارَاتِ الْقُبُورِ ‏.‏ قَالَ وَفِي الْبَابِ عَنِ ابْنِ عَبَّاسٍ وَحَسَّانَ بْنِ ثَابِتٍ ‏.‏ قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ ‏.‏ وَقَدْ رَأَى بَعْضُ أَهْلِ الْعِلْمِ أَنَّ هَذَا كَانَ قَبْلَ أَنْ يُرَخِّصَ النَّبِيُّ صلى الله عليه وسلم فِي زِيَارَةِ الْقُبُورِ فَلَمَّا رَخَّصَ دَخَلَ فِي رُخْصَتِهِ الرِّجَالُ وَالنِّسَاءُ ‏.‏ وَقَالَ بَعْضُهُمْ إِنَّمَا كُرِهَ زِيَارَةُ الْقُبُورِ لِلنِّسَاءِ لِقِلَّةِ صَبْرِهِنَّ وَكَثْرَةِ جَزَعِهِنَّ ‏.‏

বাংলা

১০৫৬. কুতায়বা (রহঃ) ..... আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কবর যিয়ারতকারী মহিলাদের লা’নত করেছেন। - ইবনু মাজাহ ১৫৭৬, তিরমিজী হাদিস নম্বরঃ ১০৫৬ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে ইবনু আব্বাস ও হাসান ইবনু ছাবিত রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদীস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, হাদীসটি হাসান-সাহীহ। কতক আলিম মনে করেন, হাদীসটি হলো নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কর্তৃক কবর যিয়ারতের অনুমিত প্রদানেরও আগেকার। সুতরাং কবর যিয়ারতের অনুমিত প্রদানের পর এখন পুরুষ-মহিলা সকলেই এই অনুমতির অন্তর্ভূক্ত। কোন কোন আলিম বলেন, মহিলাদের মাঝে ধৈর্য কম এবং কান্নাকাটির আধিক্য হেতু তাদের জন্য কবর যিয়ারত অপছন্দনীয় বলে ঘোষণা দেওয়া হয়েছে।

## English

Abu Hurairah narrated:
"Indeed the Messenger of Allah cursed the women who visit the graves."

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=18245

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন